

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প
পরিসংখ্যান ভবন (৯ম তলা, ব্লক-এ)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নং- ৫২.০১.০০০০.৬৩৫.৩৮.০০১.২৬- ৮০১৫


তারিখঃ ২৬ ভাদ্র, ১৪৩৩
০২ সেপ্টেম্বর, ২০২৬

বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক পরিচালিত অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্পের আওতায় পরিচালিত Small and Medium Establishment (SME) জরিপ ২০২৬ এ তথ্য প্রদানসহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান সংক্রান্ত।

দেশের অর্থনৈতিক উন্নয়ন ও শিল্পায়নে ক্ষুদ্র ও মাঝারি শিল্প বা এসএমই খাত অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। কর্মসংস্থান সৃষ্টি, নতুন উদ্যোক্তা গড়ে তোলা এবং গ্রামীণ অর্থনৈতিক শক্তিশালী করার ক্ষেত্রে এ খাতের অবদান উল্লেখযোগ্য। জাতীয় শিল্পনীতি ২০২২-এ এসএমই খাতকে বিশেষ অগ্রাধিকার দেওয়া হয়েছে এবং বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারেও এ খাতের উন্নয়নের ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে। এসএমই খাতের প্রকৃত আর্থসামাজিক অবস্থা নিরূপণ, বিদ্যমান সমস্যা ও সম্ভাবনা চিহ্নিতকরণ এবং নির্ভরযোগ্য বেজলাইন ডাটাবেজ প্রস্তুতের জন্য এসএমই জরিপ পরিচালনা অপরিহার্য।

২। এসএমই খাতের প্রকৃত অবস্থা ও দেশের GDP-তে এ খাতের অবদান নিরূপণ, বিদ্যমান সমস্যা ও সম্ভাবনা চিহ্নিতকরণ এবং ভবিষ্যৎ পরিকল্পনা গ্রহণের জন্য ‘ক্ষুদ্র ও মাঝারি প্রতিষ্ঠান জরিপ ২০২৬’ পরিচালনার উদ্যোগ নেওয়া হয়েছে। এ জরিপের তথ্য সংগ্রহ কার্যক্রম আগামী ৯-২২ সেপ্টেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত মোট ১৪ দিন দেশব্যাপী পরিচালিত হবে। এ কার্যক্রমে নির্বাচিত ১৪,৬৫৯টি প্রতিষ্ঠানের পরিচিতি ও অবস্থান, মালিকানা, অর্থনৈতিক কর্মকাণ্ড, প্রতিষ্ঠার বছর, জনবলের সংখ্যা ও ধরন, উৎপাদন ও বাজারজাতকরণ, প্রতিষ্ঠানের আয়, ব্যয়, স্থায়ী সম্পদ এবং ব্যবসায়িক পরিবেশ ও প্রতিষ্ঠানের মৌলিক সুযোগ-সুবিধা সম্পর্কিত তথ্য সংগ্রহ করা হবে।

৩। বর্ণিত প্রেক্ষাপটে, আগামী ৯-২২ সেপ্টেম্বর ২০২৬ তারিখে দেশব্যাপী অনুষ্ঠিতব্য SME জরিপ ২০২৬-এর তথ্য সংগ্রহ কার্যক্রম সফলভাবে সম্পন্ন করার লক্ষ্যে আপনার প্রতিষ্ঠান এবং অধীনস্থ সংস্থা/ইউনিটসমূহের প্রয়োজনীয় তথ্য প্রদান এবং জরিপকর্মীদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।



মো: শামীমুল হক

মহাপরিচালক

(অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৫৫০০৭০৫৬

ই-মেইল: dg@bbs.gov.bd

বিতরণ: সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) কমপ্লেক্স, ১৯/ডি, রোড নং: ৬, খানমন্ডি আর/এ, ঢাকা।
- ২। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) বিনিয়োগ ভবন (লেভেল: ৭, ৮ ও ৯) ই-৬/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ৩। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি বিজয়নগর, ঢাকা-১০০০।
- ৪। চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) বিসিক ভবন, ৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
- ৫। প্রশাসক, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই), ৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
- ৬। সভাপতি, বাংলাদেশ নিটওয়ার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিকেএমইএ), প্ল্যানার্স টাওয়ার (৪র্থ তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, বাংলামোটর, ঢাকা-১০০০।
- ৭। প্রেসিডেন্ট, বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ) বিজিএমইএ কমপ্লেক্স, উত্তরা, ঢাকা।
- ৮। ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমই ফাউন্ডেশন) পর্যটন ভবন (লেভেল: ৬ ও ৭) ই-৫/সি-১, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ৯। প্রকল্প পরিচালক, অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প, বিবিএস, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ১০। পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, আগারগাঁও, ঢাকা-১২০৭ [বিবিএস-এর ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য]।
- ১১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা-১২০৭ [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ১২। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ক্ষুদ্র ও মাঝারি প্রতিষ্ঠান জরিপ ২০২৬, বিবিএস, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ১৩। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, ...
- ১৪। অফিস কপি।